করোনা সংক্রামিত জুনিয়ার ট্রাম্প

ওয়াশিংটন, ২১ নভেম্বর : করোনা ভাইরাসে সংক্রামিত হয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বড় ছেলে ডোনাল্ড ট্রাম্প জুনিয়ার। কোনও উপসর্গ না থাকায় বাড়িতেই হোম আইসোলেশনে আছেন তিনি। জুনিয়ার ট্রাম্পের মুখপাত্র এ কথা জানিয়েছেন। চিকিৎসকদের পরামর্শ নিয়েছেন জুনিয়ার ট্রাম্প। কঠোরভাবে কোভিড নির্দেশিকাও মানছেন তিনি। নির্বাচনের প্রচারে বেরিয়ে করোনা সংক্রামিত হয়েছিলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্প এবং ডোনাল্ড ট্রাম্পের আরেক ছেলে ব্যারন। প্রচারে বেরিয়ে কোভিড নির্দেশিকা মানেননি বলে অভিযোগ উঠেছিল জুনিয়ার ট্রাম্পের বিরুদ্ধে। এদিকে, মার্কিন যুক্তরাষ্ট্রে ক্রমশ আরও ভয়ংকর হয়ে উঠছে করোনা ভাইরাস। এখনও পর্যন্ত এই ভাইরাসে সংক্রামিত হয়েছেন ১ কোটি ২২ লক্ষ ৭৭ হাজার ২৪ জন এবং মৃত্যু হয়েছে ২ লক্ষ ৬০ হাজার ৩১১ জনের।

আগ্রায় খুন মহিলা ডাক্তার

আগ্রা, ২১ নভেম্বর : সেট-টপ বক্স রিচার্জ করার বাহানায় ঘরে ঢুকে এক মহিলা ডাক্তারকে খুন করল এক যুবক। সেই সময় পাশের ঘরে ছিল তাঁর দুই ছেলে। তাদের ওপরও হামলা চালায় ওই যুবক। পুলিশ সূত্রে খবর, শুক্রবার বিকেলে নিশা সিংঘল নামে ৩৮ বছর বয়সি ওই দাঁতের ডাক্তারের বাড়িতে আসে এক যুবক। সে জানায়, সেট-টপ বক্স রিচার্জ করতে এসেছে সে। তারপরেই ছুরি নিয়ে নিশার ওপর হামলা চালায় ওই যুবক। পাশের ঘরে থাকা ৮ ও ৪ বছর বয়সি দুই ছেলের ওপর হামলা চালালেও তারা প্রাণে বেঁচে যায়। নিশার স্বামী অজয় সিংঘলও পেশায় চিকিৎসক। তিনি তখন হাসপাতালে ডিউটিতে ছিলেন। বড় ছেলে কোনওরকমে বাবাকে ফোন করে সব জানায়। তিনি সঙ্গে সঙ্গে বাড়ি ফিরে আসেন। খবর দেওয়া হয় পুলিশে। বাড়ির বাইরে থাকা সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে আততায়ীকে গ্রেপ্তার করেছে পুলিশ। তার বিরুদ্ধে খুন, খুনের চেষ্টা ও লুঠের অভিযোগ আনা হয়েছে। এই ঘটনায় প্রশাসনের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিয়েছেন উত্তরপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী অখিলেশ যাদব।

ফ্যালকন উৎসব শুরু

শিলচর, ২১ নভেম্বর : করোনার আতঙ্ক কাটিয়ে শনিবার অসমের ডিমা হাসাও জেলার উমরাংশুতে ষষ্ঠ ফ্যালকন উৎসব শুরু হল। প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর উমরাংশুর নিউ তুংবুং গ্রামে গলফ কোর্সে দু'দিনব্যাপী ফ্যালকন উৎসব চলবে। তবে কোভিড প্রোটোকল মেনেই উৎসবের আয়োজন করা হয়েছে। ইতিমধ্যে উমরাংশুতে চিন, সাইবেরিয়া থেকে পরিযায়ী আমুর ফ্যালকন পাখি আসতে শুরু করেছে। পাখি দেখতে পর্যটকদের সংখ্যাও বাড়ছে। তবে এবারের উৎসবে বাইরের কোনও শিল্পী অংশ নিচ্ছেন না। উৎসবের আয়োজকদের তরফে জানানো হয়েছে, ফ্যালকন উৎসবে অংশ নেওয়া সবাইকে সামাজিক দূরত্ব মেনে চলতে বলা হয়েছে। এবার শুধু স্থানীয় শিল্পীদের নিয়ে উৎসব হবে। এবারের উৎসবে ইকো টুরিজমের উপরে সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠান, বিভিন্ন জনগোষ্ঠীর স্টল সহ লোকসংস্কৃতির অনুষ্ঠান হবে।

পথ দুর্ঘটনায় মৃত ৭

আহমেদাবাদ, ২১ নভেম্বর : ট্রাকের সঙ্গে একটি গাড়ির মুখোমুখি সংঘর্ষে ৭ জনের মৃত্যু হয়েছে। দুর্ঘটনাটি ঘটেছে গুজরাটের সুরেন্দ্রনগর জেলার পাতদি এলাকায়। মৃতদের শনাক্তকরণের চেষ্টা চলছে। ময়নাতদন্তের পর পরিবারের হাতে দেহগুলি তুলে দেওয়া হবে। প্রত্যক্ষদর্শীদের বিবরণ অনুযায়ী, প্রচণ্ড গতিতে থাকা গাড়িটির চালক নিয়ন্ত্রণ হারিয়ে সোজাসুজি ট্রাকের সামনে চলে আসে। দুর্ঘটনার পর দুমড়েমুচড়ে যায় গাড়িটি। ট্রাকটির সামনের অংশও ক্ষতিগ্রস্ত হয়েছে।

জরুরি ব্যবহারের ছাড়পত্র পেতে আর্জি ফাইজারের

ওয়াশিংটন, ২১ নভেম্বর : করোনা ভাইরাসের ভ্যাকসিন যৌথভাবে তৈরি করার পর, এবার প্রতিষেধকটির জরুরি ব্যবহারের অনুমোদন চেয়ে শুক্রবার মার্কিন যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ নিয়ামক সংস্থা (এফডিএ)-র কাছে আবেদন করেছে সে দেশের বহুজাতিক ওষুধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান ফাইজার এবং জার্মানির জৈবপ্রযুক্তি প্রতিষ্ঠান বায়োনটেক। সেইসঙ্গে আগামী মাসে নির্দিষ্ট সংখ্যায় টিকার প্রয়োগও করতে চাইছে বলে জানিয়েছে তারা। এফডিএর কাছে এই প্রথম কোনও করোনা ভ্যাকসিনের জরুরি প্রয়োগের ছাড়পত্র চাওয়া হল। এফডিএ জানিয়েছে, ফাইজারের ভ্যাকসিনের অনুমোদন নিয়ে আগামী ১০ ডিসেম্বর তারা বৈঠকে বসছে। আমেরিকা ছাড়াও ইউরোপেও এই টিকা ব্যবহারের জন্য আবেদন করেছে ফাইজার।

কয়েকদিন আগে ফাইজার ও বায়োনটেক জানিয়েছিল যে, তাদের তৈরি টিকা ৯৫ শতাংশ কার্যকর। একইসঙ্গে তারা এটাও দাবি করেছিল যে, এই টিকা কোভিড ১৯ প্রতিরোধ করতে পারে। শুধু তাই নয়, এই টিকা যথেষ্ট নিরাপদ বলেও তারা দাবি করেছিল।

ফাইজারের মুখ্য কার্যনির্বাহী (সিইও) অ্যালবার্ট বুরলা বলেন, 'আমাদের কাজ নিরাপদ এবং কার্যকর টিকা সরবরাহ করা। অত্যন্ত গর্বের সঙ্গে এবং কিছুটা স্বস্তির সঙ্গে জানাচ্ছি যে, কোভিড-১৯'এর জরুরি প্রয়োগের অনুমোদনের জন্য আমরা এফডিএর কাছে অনুরোধ জানিয়েছি। অনুমোদনের বিষয়টি এখন তাদের হাতে।' তিনি বলেন, 'আজ বিজ্ঞানের

তাড়াহুড়ো করবে না এফডিএ

জন্য এবং বিশ্বের সবার জন্য এক ঐতিহাসিক দিন। বায়োনটেকের সঙ্গে যৌথ উদ্যোগে ভ্যাকসিন তৈরির পরিকল্পনার কথা ঘোষণা করার মাত্র ২৪৮ দিনের মাথায় এফডিএর কাছে ভ্যাকসিনের জরুরি প্রয়োগের জন্য অনুমতি চাওয়া হয়েছে।' বুরলার দাবি, 'ভ্যাকসিনটি তৈরির শুরু থেকে আজ অনুমতি চাওয়া পর্যন্ত, আমরা সবসময় সুরক্ষার দিকে লক্ষ্য রেখে অত্যন্ত দ্রুতবেগে ভ্যাকসিনের ক্লিনিকাল ট্রায়াল করেছি।' ছাড়পত্র পেলেও টিকার উৎপাদন ও বণ্টন শুরু করতে কত দিন লাগবে, তা নিয়ে পরিষ্কার কিছু জানাননি বুরলা।

এদিকে টিকার দায়িত্বে থাকা এফডিএর শীর্ষ আধিকারিক মারিয়ন গ্রুবার বলেন, আপৎকালীন ব্যবহারে অনুমতি পেলেও, টিকা আরও ভালোভাবে পরীক্ষা করে দেখা হবে। কারণ এটা এখনও অনুমোদন পায়নি। অর্থাৎ কোনও সংস্থা যদি টিকার আপৎকালীন ব্যবহারের আর্জি জানায়, তা হলে আগে তার কার্যকারিতা এবং ঝুঁকি দুটোই ভালোভাবে খতিয়ে দেখা হবে। তারপর ছাড় দেওয়া হবে বলে জানিয়েছেন গ্রুবার। এফডিএর প্রধান স্টিফেন হান বলেছেন, জনস্বাস্থ্যের স্বার্থে করোনা প্রতিরোধী টিকার নিরাপত্তা ও কার্যকারিতা সম্পর্কে স্বচ্ছতা এবং খোলামেলা মতামত প্রয়োজনীয়। আমরা অনুমোদনের ব্যাপারে তাড়াহুড়ো করব না। আর এটা বলতে পারি যে, টিকা সম্পর্কে আম-আমেরিকানদের মনে যাতে কোনও ধোঁয়াশা না থাকে, তাঁর জন্য টিকা সংক্রান্ত যাবতীয় তথ্য প্রকাশ করা হবে।

অন্যদিকে, করোনার টিকা তৈরিতে ভারতও অনেকটা এগিয়ে গিয়েছে। শুক্রবার ভারতের তৈরি কোভ্যাকসিনের পরীক্ষা শুরু হয়েছে ওড়িশার এক ইনস্টিটিউটে। ভারত বায়োটেক জানিয়েছে, কোভ্যাকসিনের তৃতীয় পর্যায়ের পরীক্ষার জন্য চারটি মেট্রো সিটিতে দু'হাজার করে স্বেচ্ছাসেবী জোগাড় করা হবে। স্থানীয় উৎসাহীদের আবেদন করতে বলা হয়েছে। এই পরীক্ষার ফলাফলের ওপর আরও অনেক কিছু নির্ভর করছে বলে জানা গিয়েছে। গতকাল এক সরকারি বিবৃতিতে বলা হয়, দেশে পাঁচটা ভ্যাকসিনের ট্রায়াল অনেকদূর পর্যন্ত এগিয়েছে। তার মধ্যে চারটি ভ্যাকসিন রয়েছে ট্রায়ালের দ্বিতীয় বা তৃতীয় স্তরে। একটি প্রথম-দ্বিতীয় স্তরে। বাংলাদেশ, মায়ানমার, কাতার, ভুটান, সুইৎজারল্যান্ড, বাহরিন, অস্ট্রিয়া এবং দক্ষিণ কোরিয়ার মতো দেশ ভারতের সঙ্গে ভ্যাকসিন তৈরি করতে আগ্রহ প্রকাশ করেছে। ওই ভ্যাকসিন তৈরি হলে তারা তা ব্যবহার করবে বলেও জানিয়েছে।

করোনা সংক্রমণ রুখতে আহমেদাবাদে কার্ফিউয়ে শুনসান রাস্তা। – পিটিআই

দিল্লিতে আরটি-পিসিআর টেস্ট বাড়াচ্ছে আইসিএমআর

একদিনে সংক্রামিত ৪৬ হাজারের বেশি

নয়াদিল্লি, ২১ নভেম্বর : দৈনিক সংক্রামিতের সংখ্যা ৩০ হাজারের নীচে নেমে যাওয়ার পর ফের বাড়তে শুরু করেছে। গত কয়েকদিন ধরে সংখ্যাটা ৪৫ হাজারের ওপরে থাকছে। শনিবার তা ছিল ৪৬,২৩২। এই নিয়ে ভারতে ৯০,৫০,৫৯৭ জনের সংক্রমণ ধরা পড়ল। ৩৫টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্যে ১৫টিতে অ্যাক্টিভ পজিটিভের সংখ্যা বাড়লেও দিল্লি এবং কেরলের পরিস্থিতি সবচেয়ে উদ্বেগজনক। দুই রাজ্যে সংক্রমণের তীব্রতা বেড়েছে। এদিন কেরলে ৬ হাজারের বেশি বাসিন্দার সংক্রমণ ধরা পড়েছে। তবে ৬,৩৯৮ জন সুস্থ হয়ে যাওয়ায় অ্যাক্টিভ পজিটিভের সংখ্যা সামান্য কমেছে। গত ২৪ ঘণ্টায় রাজ্যে ২৮ জনের মৃত্যু হয়েছে। এই নিয়ে সেখানে ১,৯৯৭ জন প্রাণ হারালেন। কেরলে অ্যাক্টিভ পজিটিভের সংখ্যা ৬৭,৯৫৪। দৈনিক সংক্রমণে সবার ওপরে থাকা দিল্লিতে নতুন করে সংক্রামিত হয়েছেন ৬,৬০৮ জন। সেখানে অ্যাক্টিভ পজিটিভের সংখ্যা ৪০ হাজারের ওপরে রয়েছে। রাজধানী শহরে করোনার তৃতীয় পর্যায়ের সংক্রমণ শুরু হওয়ায় উদ্বিগ্ন কেন্দ্রীয় সরকার। কয়েকদিন আগে এখানকার করোনা পরিস্থিতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের সঙ্গে বৈঠকে বসেছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চ (আইসিএমআর)-কে দিল্লিতে আরটি-পিসিআর টেস্টের সংখ্যা বাড়ানোর নির্দেশ দিয়েছেন তিনি। এর মাধ্যমে সংক্রামিতদের দ্রুত চিহ্নিত করে চিকিৎসার আওতায় আনা যাবে বলে মত স্বাস্থ্য বিশেষজ্ঞদের।

দিল্লির বাসিন্দাদের পাশাপাশি আশপাশের এলাকা থেকে আসা মানুষদেরও পরীক্ষার আওতায় আনা হচ্ছে। দিল্লি-গুরুগ্রাম সীমান্তে একাধিক ক্যাম্প তৈরি করেছে গুরুগ্রাম প্রশাসন। শনিবার সেখানে প্রায় ৪০০ জনের টেস্ট করা হয়। তাঁদের মধ্যে ৩ জনের রিপোর্ট পজিটিভ এসেছে। গুরুগ্রামের চিফ মেডিকেল অফিসার বীরেন্দ্র যাদব বলেন, দিল্লি-গুরুগ্রাম সীমান্তে স্যাম্পেল টেস্টের জন্য ৬টি ক্যাম্প তৈরি করা হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের একটি সূত্র জানিয়েছে, বিশেষ ভ্যানের মাধ্যমেও আরটি পিসিআর টেস্টের ব্যবস্থা করা হয়েছে। দিল্লিতে গড়ে ২৭ হাজার করে স্যাম্পেল টেস্ট করা হয়। বর্তমানে তা বাড়িয়ে ৩৭,২০০ করা হয়েছে।

মহারাষ্ট্রে সংক্রমণের তীব্রতা কমলেও দৈনিক সংক্রামিতের সংখ্যা ৫ হাজারের ওপরে থাকছে। গত ২৪ ঘণ্টায় রাজ্যে ১৫৫ জনের মৃত্যু হয়েছে। এর ফলে সেখানে মৃতের সংখ্যা বেড়ে ৪৬,৫১১ হল। কর্ণাটক, তামিলনাড়ু, পশ্চিমবঙ্গ, উত্তরপ্রদেশ ও অন্ধ্রপ্রদেশে মৃতের সংখ্যা ক্রমাগত বাড়ছে। সংক্রমণ ঠেকাতে গুজরাট ও মধ্যপ্রদেশে নৈশ কার্ফিউ জারি করা হয়েছে। রাজস্থানেও অ্যাক্টিভ পজিটিভের সংখ্যা বাড়তে শুরু করেছে। পশ্চিমবঙ্গে অবশ্য সংখ্যাটা সামান্য কমেছে। বর্তমানে এরাজ্যে অ্যাক্টিভ পজিটিভের সংখ্যা ২৫,৫৯৯। গত ২৪ ঘণ্টায় মৃত্যু হয়েছে ৫০ জনের। ভারতে এখনও পর্যন্ত মৃত্যু হয়েছে ১,৩২,৭২৬ জনের। তাঁদের মধ্যে ৫৬৪ জন মারা গিয়েছেন গত একদিনে। মৃত্যুর হার ১.৪৭ শতাংশ। গত ২৪ ঘণ্টায় ৪৯,৭১৫ জন পুরোপুরি সুস্থ হয়ে উঠেছেন। দেশে সুস্থ হওয়াদের মোট সংখ্যা ৮৪,৭৮,১২৪। সুস্থতার হার ৯৩.৬৭ শতাংশ। অ্যাক্টিভ পজিটিভের সংখ্যা কমতে শুরু করেছে। গত ২৪ ঘণ্টায় সংখ্যাটা ৪,০৪৭ কমে ৪,৩৯,৭৪৭ হয়েছে। যা মোট সংক্রামিতের ৪.৮৬ শতাংশ।

করোনা তথ্য

২৪ ঘণ্টায় সংক্রামিত	৪৬,২৩২
মোট সংক্রামিত	৯০,৫০,৫৯৭
মোট অ্যাক্টিভ পজিটিভ	৪,৩৯,৭৪৭
সুস্থতার হার	৯৩.৬৭
২৪ ঘণ্টায় সুস্থ	৪৯,৭১৫
মোট সুস্থ	৮৪,৭৮,১২৪
২৪ ঘণ্টায় মৃত্যু	৫৬৪
মোট মৃত্যু	১,৩২,৭২৬

পাক হামলায় হত জওয়ান

নাগরোটার ঘটনায় পাক রাষ্ট্রদূতকে ধমক দিল্লির

নয়াদিল্লি, ২১ নভেম্বর : পাক সেনার ফের হামলায় মৃত্যু হল এক ভারতীয় জওয়ানের। এই ঘটনায় জখম হয়েছেন আরও এক জওয়ান। শনিবার জম্মু-কাশ্মীরের রাজৌরি জেলার নৌশেরা সেক্টরে বিনা প্ররোচনায় নিয়ন্ত্রণরেখায় হামলা চালায় পাক বাহিনী। তাদের ছোড়া মর্টার ও গোলাগুলিতে মৃত্যু হয় এক হাবিলদারের। সেনা সূত্রে খবর, নিহত হাবিলদারের নাম সোলাঙ্কি পাটিল। হামলায় জখম হয়েছেন নায়েক সাগর। নৌশেরার লাম এলাকায় ফরওয়ার্ড লোকেশনে দুজনে নিযুক্ত ছিলেন। সেখানেই রাত ১টা নাগাদ হামলা হয়। রাতভর গোলাগুলি চলে দু'পক্ষের মধ্যে। দু'দিন আগে নাগরোটায় চার জঙ্গির মৃত্যুর পর পাক সেনার হামলায় একইসঙ্গে ক্ষুব্ধ ও উদ্বিগ্ন নয়াদিল্লি।

এদিন নাগরোটার ঘটনায় পাক যোগের প্রমাণ হাতে আসার পর তীব্র প্রতিক্রিয়া জানিয়ে পাক হাইকমিশনারকে ডেকে সতর্ক করে দিয়েছে ভারত। সীমান্তে সন্ত্রাস নিয়ে আশঙ্কাপ্রকাশ করে নয়াদিল্লি বলেছে, জঙ্গিদের মদত দেওয়া বন্ধ করতে হবে পাকিস্তানকে। এও বলা হয়েছে যে, দেশের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার সম্ভাবনা দেখলে ভারত কঠোর জবাব দেবে। এদিকে শনিবার ভারতীয় গোয়েন্দা সূত্রে দাবি করা হয় যে, নাগরোটায় নিহত জইশ জঙ্গিদের সঙ্গে পাকিস্তানের নিবিড় যোগ ছিল। মৃত জঙ্গিদের দেহ তল্লাশি করে যে ফোন, ওষুধ ও অন্যান্য জিনিসপত্র উদ্ধার করা হয়েছে, সেগুলি থেকে স্পষ্ট জঙ্গিরা পাকিস্তানের। যদিও এই দাবি অস্বীকার করেছে ইসলামাবাদ।

কেন্দ্রশাসিত অঞ্চল হওয়ার পর এই প্রথম জম্মু-কাশ্মীরে ভোট হচ্ছে। ২৮ নভেম্বর থেকে ২২ ডিসেম্বর পর্যন্ত সেখানে আট দফায় জেলা উন্নয়ন পর্ষদের ভোট হবে। গোয়েন্দারা আগেই সতর্ক করেছিলেন, এই ভোট বানচাল করতে ছক কষছে জঙ্গিরা। পাকিস্তানের আইএসআইও তাতে মদত দিচ্ছে। এরপর নাগরোটায় মারা হয় ৪ জইশ জঙ্গিকে। গোয়েন্দারা জানিয়েছেন, নিহত জঙ্গিদের কাছ থেকে উদ্ধার হয়েছে ডিজিটাল মোবাইল রেডিও সেট। তাতে পাকিস্তানের 'মাইক্রো ইলেক্ট্রনিক্স' নামে একটি সংস্থার নাম রয়েছে। এছাড়া মোবাইলে যে ধরনের কথোপকথন পাওয়া গিয়েছে তা থেকেও ওই জঙ্গিদের সঙ্গে পাক সন্ত্রাসবাদীদের যোগাযোগের ইঙ্গিত মিলেছে। মোবাইল বার্তায় ছিল— 'কত দূরে গেছ? কী পরিস্থিতি? সব ঠিক আছে তো' ইত্যাদি। এই বার্তা চালাচালি হয়েছিল পাক অধিকৃত কাশ্মীরের শাকারগড় থেকে বলেই দাবি গোয়েন্দাদের। বস্তুত নাগরোটার চার জঙ্গির কাছে হামলার নির্দেশ এসেছিল মাসুদ আজহারের ভাইয়ের কাছ থেকে। ওই জঙ্গিদের সরাসরি পরিচালনা করছিল জইশের দুই নেতা রউফ আজগর ও কারি জারার। জঙ্গিদের কাছ থেকে যে স্মার্টফোন উদ্ধার হয়েছে তা পাকিস্তানের সংস্থা 'কিউ মোবাইল'-এর। তাদের কাছ থেকে উদ্ধার হওয়া ওষুধ, জুতোও পাকিস্তানে তৈরি।

জঙ্গিদের পাক যোগ

- নিহত জঙ্গিদের কাছ থেকে উদ্ধার হয়েছে ডিজিটাল মোবাইল রেডিও সেট।
- তাতে পাকিস্তানের একটি সংস্থার নাম রয়েছে।
- এছাড়া মোবাইলের কথোপকথন থেকেও জঙ্গিদের সঙ্গে পাক যোগের ইঙ্গিত মিলেছে।

দোহায় কাতারের বিদেশমন্ত্রীর সঙ্গে মার্কিন স্বরাষ্ট্র সচিব মাইক পম্পেও। – পিটিআই

মিথ্যা মামলায় ক্ষতিপূরণ

চেন্নাই, ২১ নভেম্বর : ধর্ষণের মিথ্যা মামলায় অভিযুক্ত এক ব্যক্তিকে ১৫ লক্ষ টাকা ক্ষতিপূরণের নির্দেশ দিল আদালত। ২০০৯-এর শেষের দিকে সন্তোষ নামের ওই ব্যক্তি ইঞ্জিনিয়ারিংয়ের ছাত্র ছিলেন। তাঁর বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ আনেন এক তরুণী। অভিযোগকারিণীর অভিযোগ, সন্তোষ ধর্ষণ করার পর তিনি অন্তঃসত্ত্বা হয়ে পড়েছেন। এক সন্তানেরও জন্ম দেন তিনি। অভিযোগ পাওয়ার পরই সন্তোষকে গ্রেপ্তার করে পুলিশ। ৯৫ দিন পর তিনি জামিনে মুক্তি পান। পুলিশ চার্জশিটে সন্তোষকে দোষী হিসেবে চিহ্নিত করে। পরে ডিএনএ পরীক্ষায় প্রমাণ হয় সন্তোষ এই সন্তানের পিতা নন। ২০১৬ সালে মামলা থেকে মুক্তি পান সন্তোষ। তারপর তিনি আদালতে ক্ষতিপূরণ চেয়ে মামলা দায়ের করেন। অভিযোগ করেন, ধর্ষণের অভিযোগ তাঁর ব্যক্তিজীবন এবং কেরিয়ারের ক্ষতি করেছে। মামলা চালাতে খরচ হয়েছে ২ লক্ষ টাকা। এই কারণে মোট ৩০ লক্ষ টাকা ক্ষতিপূরণ দাবি করেছিলেন সন্তোষ।

মেহবুবার ক্ষোভ

শ্রীনগর, ২১ নভেম্বর : জম্মু ও কাশ্মীরকে কেন্দ্রীয় সরকার উন্মুক্ত কারাগারে পরিণত করেছে বলে তোপ দাগলেন পিডিপি নেত্রী তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী মেহবুবা মুফতি। শনিবার বেআইনি বালি মাফিয়াদের কার্যকলাপের অভিযোগে রামবিয়ারা নালা পরিদর্শনে যাচ্ছিলেন মেহবুবা। কিন্তু মাঝ রাস্তায় তাঁকে আটকে দেয় স্থানীয় প্রশাসন। এরপরই ক্ষোভে ফেটে পড়েন পিডিপি নেত্রী। মেহবুবা টুইটারে লেখেন, 'রামবিয়ারা নালা পরিদর্শন করা থেকে আমাকে আটকে দেওয়া হয়েছে। জম্মু ও কাশ্মীরের সম্পদ লুট করা হচ্ছে। বেআইনিভাবে বহিরাগতদের হাতে টেন্ডার তুলে দেওয়া হচ্ছে। স্থানীয়দের বাদ দেওয়া হচ্ছে। আমাদের জমি, সম্পদ সবকিছু কেন্দ্রীয় সরকার লুট করে নিচ্ছে। এটাই তাদের নতুন কাশ্মীরের ধারণা। বালি মাফিয়ারা দিনের আলোয় কাজ করছে। অথচ আমাদের চুপ করে থাকতে হচ্ছে। কিন্তু বিজেপি আমার অধিকার কেড়ে নিচ্ছে।'

কাবুলে রকেট হামলায় বিধ্বস্ত গাড়ি। – পিটিআই

কাবুলে ধারাবাহিক রকেট হামলায় মৃত ৮

কাবুল, ২১ নভেম্বর : একের পর এক জোরালো বিস্ফোরণের শব্দে শনিবার কেঁপে উঠল কাবুল। হামলায় কমপক্ষে ৮ জনের মৃত্যু হয়েছে। নিহতরা সকলেই আফগান সশস্ত্র পুলিশবাহিনীর সদস্য। কোনও জঙ্গি সংগঠন হামলার দায় স্বীকার করেনি। আফগান সরকারের এক মুখপাত্র জানিয়েছেন, কাবুলের দূতাবাস অঞ্চল লক্ষ্য করে বেশ কয়েকটি রকেট ছোড়া হয়েছে। এর ফলে দুটি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়। হামলার পর থেকে এলাকা ঘিরে রেখেছে সেনাবাহিনী। শহরের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। তালিবান জঙ্গিদের সঙ্গে আমেরিকা ও আফগান সরকারের শান্তি আলোচনা শুরু হওয়ার পর কাবুলে জঙ্গি হামলার এটাই সবচেয়ে বড় ঘটনা। আলোচনা চলাকালীন জনবসতি এলাকায় হামলা না করার প্রতিশ্রুতি দিয়েছিল তালিবানরা। হামলার কিছুক্ষণের মধ্যে দায় অস্বীকার করে বিবৃতি দিয়েছেন তালিবান মুখপাত্র জাবিউল্লা মুজাহিদ। তিনি বলেন, 'কাবুলে রকেট হামলার সঙ্গে তালিবানদের সম্পর্ক নেই। আমরা এভাবে ঘনবসতি এলাকা লক্ষ্য করে হামলা চালাই না।' তালিবানদের বিবৃতির জেরে শনিবার কারা রকেট হামলা চালিয়েছে তা নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছে। আফগানিস্তানে তালিবান ছাড়াও আইএস ও পাকিস্তানি জঙ্গিগোষ্ঠী হাক্কানি নেটওয়ার্ক সক্রিয়। হামলায় ওই দুই জঙ্গি সংগঠনের হাত থাকতে পারে বলে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে।

বিএসএফের গুলিতে হত

নিজস্ব প্রতিনিধি, ঢাকা, ২১ নভেম্বর : কুড়িগ্রামে রৌমারি সীমান্তে ভারতীয় সীমান্ত রক্ষীবাহিনী (বিএসএফ)-র গুলিতে এক বাংলাদেশি যুবক প্রাণ হারিয়েছেন। মৃত যুবকের নাম হাসিনুর রহমান (২৮)। অসমের হাটশিংমারি জেলার কুসনীমারা বিএসএফ ক্যাম্প থেকে ওই যুবককে লক্ষ্য করে গুলি করা হয়। মৃত যুবকের পরিবার জানিয়েছে, হাসিনুর শুক্রবার গভীর রাতে সীমান্তঘেঁষা নদীতে মাছ ধরতে গিয়েছিলেন। গুলির শব্দ শুনে পরিবারের অন্য সদস্যরা সেখানে গিয়ে হাসিনুরের গুলিবিদ্ধ দেহ দেখতে পান। স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হলে তাঁকে মৃত বলে ঘোষণা করা হয়। মৃত যুবকের পরিবারের দাবি, হাসিনুর কোনও পাচারকাজের সঙ্গে যুক্ত ছিলেন না। বিএসএফ ভুল করে পাচারকারী ভেবে তাঁকে গুলি করেছে।

অসম দিয়ে ভারত সফর শুরু করছেন নাড্ডা

নয়াদিল্লি, ২১ নভেম্বর : আগামী ২৬ নভেম্বর থেকে ১০০ দিনের ভারত সফর শুরু করতে চলেছেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা। অসম দিয়েই তিনি ওই সফর শুরু করবেন। ২৬ তারিখ তিনি প্রথমে গুয়াহাটি যাবেন এবং সেখানে আগামী বছরের বিধানসভা ভোটের আগে বিজেপি কতটা প্রস্তুত, তা খতিয়ে দেখতে রাজ্য নেতাদের সঙ্গে বৈঠক করবেন। কথা বলবেন দলের কোর কমিটির সদস্য, মন্ত্রী, বিধায়ক ও সাংসদদের সঙ্গেও। বিজেপি নেতাদের সঙ্গে বৈঠকের পাশাপাশি অসমের ২০০ জন বিশিষ্ট মানুষের সঙ্গেও কথা বলবেন জেপি নাড্ডা। অসমে দু' দিন কাটানোর পর আগামী ২৮ নভেম্বর মিজোরামে যাবেন তিনি। ডিসেম্বরের প্রথম সপ্তাহে মেঘালয় ও নাগাল্যান্ডেও যাবেন নাড্ডা। শুক্রবার নাড্ডার অসম সফরের প্রস্তুতি চূড়ান্ত করতে তাঁর বাসভবনে একটি বৈঠকে বসেছিলেন গেরুয়া শিবিরের নেতা। সেখানে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা, অসমের মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোয়াল, উত্তর-পূর্বের প্রভাবশালী বিজেপি নেতা তথা অসমের মন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা, রঞ্জিত দাস, দিলীপ শাইকিয়া, জয় পান্ডা প্রমুখ হাজির ছিলেন। অসমে ভোটের আগে এবং পরে সেখানে কোন কোন দলের সঙ্গে জোট গঠন করা সম্ভব তা নিয়েও আলোচনা হয় নাড্ডার বাসভবনের বৈঠকে।

কোভিড মাথায় নিয়ে অমৃত কুম্ভের সন্ধানে

দেরাদুন, ২১ নভেম্বর : ভেরি বাজাতে বাজাতে বল্লম, তরবারি ও ত্রিশূল নিয়ে জানা-অজানা নানা আখড়ার সাধুদের দৌড়। কোনও সাধু ঘোড়ার পিঠে, কেউ বা রথে। আকাশে চক্কর কাটতে কাটতে পুষ্পবৃষ্টি হচ্ছে হেলিকপ্টার থেকে। শাহি স্নান ও নানা উপলক্ষ্যে অলকানন্দার তীরে ভক্তদের ভিড়। সাধু ও ভক্তদের মিছিল আলাদা করতে দু'পাশে ব্যারিকেড। রাস্তাজুড়ে ঘোড়সওয়ার পুলিশ। কুম্ভমেলা মিলিয়ে দেয় ধনীর সঙ্গে দরিদ্রকে, সর্বত্যাগী সন্ন্যাসীর সঙ্গে সংসারিকে। ১২ বছর অন্তর হয় পূর্ণকুম্ভ। আর দু'মাসও নেই। করোনার খাঁড়া মাথায় নিয়ে এবারের পূর্ণকুম্ভের জন্য প্রস্তুতি নিচ্ছে হরিদ্বার। দেশ-বিদেশ থেকে লক্ষ লক্ষ তীর্থযাত্রীর ঢল নামবে, যা সামাল দিতে হবে প্রশাসনকে। ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর হিসাবে, ২০১০ সালে হরিদ্বারের মহাকুম্ভ দেখতে ভিড় হয়েছিল ১ কোটি ৬২ লক্ষ মানুষের।

মেলা চলাকালীন হরিদ্বারের ত্রিসীমানায় তিলধারণের স্থান থাকে না। এবার হয়তো ভিড় কিছু কম হবে। তবু মেলার মধ্যে দূরত্ববিধি কতটা মানা সম্ভব হবে তা নিয়ে চিন্তা রয়েছে। মাস্ক পরা বাধ্যতামূলক হলেও পুণ্যার্থীরা তা কতটা মেনে চলবেন তা নিয়ে সন্দেহ থেকেই যাচ্ছে। কুম্ভমেলার জেরে করোনার প্রকোপ আরও বেড়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে বলে মনে করছেন চিকিৎসকরা। উদাহরণ, কেরল। সম্প্রতি কেরলে ওনাম উৎসবের পরে সেখানকার পরিস্থিতি সংকটজনক হয়ে ওঠে। উৎসবের আগে সে রাজ্যে করোনা নিয়ন্ত্রিত থাকলেও পরে তা বেড়ে যায়। সেই ধাক্কা এখনও সামলে উঠতে পারেনি দক্ষিণের রাজ্যটি। এদিকে, সেপ্টেম্বর থেকেই বিভিন্ন রাজ্যে করোনা নতুন করে বাড়তে শুরু করেছে। দিল্লিতে করোনা সংক্রমণের তৃতীয় ঢেউ এখন চলছে। আনলক পর্বে দেশজুড়ে অর্থনৈতিক কর্মকাণ্ড শুরু হয়েছে। আগের মতো কড়াকড়ি আর নেই। ফলে করোনা সংক্রামিতের সংখ্যা বাড়ছে। এর মধ্যে কুম্ভমেলার মতো উৎসব হলে তা উত্তরাখণ্ড তো বটেই এমনকি দেশের অন্যান্য রাজ্যেও করোনা আরও দ্রুতহারে ছড়িয়ে পড়তে পারে।

হরিদ্বারে পূর্ণকুম্ভ

- করোনার জন্য হরিদ্বারে কুম্ভমেলা এবার বন্ধ থাকবে কিনা জল্পনা শুরু হয়েছিল
- করোনার খাঁড়া মাথায় নিয়েই এবারের পূর্ণকুম্ভের জন্য প্রস্তুতি নিচ্ছে হরিদ্বার
- করোনার আবহে দূরত্ববিধি ও অন্যান্য নিয়মকানুন মেনেই কুম্ভমেলা হবে
- তবে কুম্ভমেলায় পুণ্যার্থীরা কতটা স্বাস্থ্যবিধি মেনে চলবেন, তা নিয়ে সন্দেহ থেকেই যাচ্ছে

এই পরিস্থিতিতে, করোনার জন্য কুম্ভমেলা এবার বন্ধ থাকবে কিনা এমন একটি জল্পনা শুরু হয়েছিল বটে। কিন্তু স্থানীয় প্রশাসন জানিয়ে দিয়েছে, তার কোনও সম্ভাবনা নেই। করোনার আবহে দূরত্ববিধি ও অন্যান্য নিয়মকানুন মেনেই কুম্ভমেলা হবে। কুম্ভমেলা অধিকারী দীপক রাওয়াত বলেন, 'হরিদ্বারের কুম্ভমেলা প্রতি ১২ বছরে একবার হয়। ২০২১ সালে এটি ১১ বছর পরে ঘটবে, ৮০ বছর পরে ঘটছে এমন এক ঘটনা। অবশ্যই কোভিড-১৯ মহামারির মধ্যে কুম্ভমেলার আয়োজন ও পরিচালনা করা খুব কঠিন ব্যাপার। আমরা সরকারের জারি করা নির্দেশিকা অনুসারে পরিকল্পনা করছি। যা হবে, বিধিনিষেধ মেনেই হবে।' কুম্ভমেলার ফলে ফি বছর গঙ্গার দূষণ বাড়ে। এ বিষয়েও সতর্ক নজর রাখা হবে বলে আশ্বাস দিয়েছেন রাওয়াত। সবার ওপর নজরদারি চালাতে মেলা জুড়ে সিসিটিভি ক্যামেরা ছাড়াও থাকবেন স্বেচ্ছাসেবক ও পুলিশ। তাছাড়া আগের চেয়ে হরিদ্বারের নিকাশি ব্যবস্থা ও জঞ্জাল সাফাইয়ের ব্যবস্থাও উন্নত হয়েছে। দিলীপ রাওয়াতের মতে, সামাজিক দূরত্বের নিয়মাবলি মেনে ভিড় পরিচালনা করার পরিকল্পনা করা হচ্ছে। সিসিটিভি ক্যামেরার নেটওয়ার্কের মাধ্যমে নজরদারি করা হবে। কোভিড-১৯'এর জন্য এক হাজার শয্যাবিশিষ্ট হাসপাতাল, অন্যান্য অসুস্থতা ও জরুরি অবস্থার জন্য একটি পৃথক, ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল স্থাপন করা হচ্ছে। তিনি এও জানান যে, উত্তরাখণ্ড সরকার পর্যাপ্ত সংখ্যক মাস্ক ও স্যানিটাইজারের ব্যবস্থা রাখবে।

অন্যদিকে, গঙ্গায় দূষণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে কুম্ভমেলা একটি চ্যালেঞ্জ। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের আওতাধীন ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গার (এনএমসিজি) দায়বদ্ধ এই কাজে। গত মাসে জগজিৎপুরে প্রধানমন্ত্রী বিশেষ ক্ষমতাসম্পন্ন বৃহৎ এসটিপি উদ্বোধন করেছিলেন। রাওয়াত জানিয়েছেন, জঞ্জাল সাফ করে শহরকে পরিষ্কার রাখার জন্য গতবছরই আমরা ৫৫ কোটি টাকা দান করেছি রাজ্য সরকারকে। জানা গিয়েছে, ইন্ডিয়ান অয়েল ও অন্যান্য সংস্থাও পরিবেশ ও স্বাস্থ্য বিপর্যয় রুখতে রাজ্য সরকারের পাশে এসে দাঁড়িয়েছে।